

তারিখঃ ২২ জানুয়ারি ২০২৫ খ্রি.

## প্রেস বিজ্ঞপ্তি

পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়-এ পিঠা উৎসব ১৪৩১ অনুষ্ঠিত



পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২২ জানুয়ারি বুধবার প্রথমবারের মতো পিঠা উৎসব আয়োজন করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন প্রাঙ্গণে মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. শহীদুল ইসলাম সকাল ১০টায় পিঠা উৎসব উদ্বোধন করেন। বিভিন্ন সংবাদমাধ্যমে কর্মরত সাংবাদিকসহ নানা শ্রেণি-পেশার মানুষ এ উৎসব পরিদর্শন করেন। এ সময় তারা শিক্ষার্থীদের চমৎকার এ আয়োজনে সন্তোষ প্রকাশ করেন এবং পিঠার স্বাদ গ্রহণ করেন। প্রথমবারের মতো আয়োজিত এ উৎসবে শিক্ষার্থীরা নিজ হাতে তৈরি বিভিন্ন ধরনের পিঠা নিয়ে অংশগ্রহণ করেন।

উদ্বোধনী অনুষ্ঠান শেষে মাননীয় উপাচার্য শিক্ষার্থীদের বিভিন্ন স্টল পরিদর্শন করেন। তিনি বলেন, পিঠা উৎসব বাঙালির ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতির অবিচ্ছেদ্য অংশ। দেশের ইতিহাস, ঐতিহ্যকে ধারণ করে এবং শীতের গতি প্রকৃতির উপর ভিত্তি করে বিভিন্ন অঞ্চলে বিভিন্ন স্বাদের পিঠা তৈরি করা হয়। বিভিন্ন ধরনের ও স্বাদের পিঠা নিয়ে আমাদের শিক্ষার্থীদের এই উৎসবে অংশগ্রহণ তারই প্রমাণ। আজকের পিঠা উৎসব শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের মিলনমেলায় পরিণত হয়েছে। ভবিষ্যতে এ ধরনের আয়োজনসহ বিভিন্ন প্রতিযোগিতায় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে সার্বিক সহযোগিতা করা হবে বলেও মাননীয় উপাচার্য আশ্বাস প্রদান করেন।

বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীবৃন্দ ব্যাপক উৎসাহ ও উদ্দীপনা নিয়ে দিনব্যাপী এ আয়োজনে অংশগ্রহণ করেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

স্বা/-

প্রকাশনা ও জনসংযোগ দপ্তর  
পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি  
বিশ্ববিদ্যালয়